তারিখঃ ০৫/০৫/২০২৫ খ্রি, ১৮-বৈশাখ-১৪৩২

সুধী,

**বিষয়ঃ হাজীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সুন্দর ভবিষ্যৎ বিনির্মাণে সহযোগিতার আহবান ।**

হাজীপুর মাধ্যমিক বিদ্যালয়ের পক্ষ থেকে আপনাকে উষ্ণ অভিনন্দন। আশা করি আপনি সুস্থ আছেন।

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে হাজীপুর মাধ্যমিক বিদ্যালয়টি শতবর্ষের প্রাচীন ও ঐতিহ্যবাহী একটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, যা সরকারী আর্থিক সহায়তা এবং বেসরকারী উদ্যোগে পরিচালিত হয়ে আসছে। বিগত দশক গুলোতে সরকারি পর্যায়ে অবকাঠামোগত অনেক উন্নয়নমূলক কাজ হয়েছে কিন্তু পরিতাপের বিষয় যে বেসরকারি উদ্যোগে তেমন কোন উল্লেখযোগ্য উন্নয়ন সাধিত হয়নি। স্থানীয় বিভক্তির রাজনীতি, অদূরদর্শীতা ও যোগ্য নেতৃত্বের অভাবে বিদ্যালয়ের লেখাপড়ার মান অকল্পনীয় হারে হ্রাস পেয়েছে। সমন্বয়হীনতা ও দুর্বল ব্যবস্থাপনার কারণে এই প্রতিষ্ঠানের অংশীজনেরা (Stakeholeders) যথা: শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবক, উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহনের সুযোগ হতে বঞ্চিত হয়। ফলে শহরের স্কুলগুলোর তুলনায় এই স্কুলের শিক্ষার্থীরা ক্রমাগত পিছিয়ে পড়েছে এবং জাতীয় পর্যায়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রতিযোগিতায় বৈষম্যের শিকার হয়ে আসছে। সাম্প্রতিক সময়কালে রাষ্ট্র ও সমাজের এক অভাবনীয় পরিবর্তনের ফলে নতুন সম্ভাবনার দুয়ার উন্মচিত হয়েছে। প্রকৃত অংশীজনেরা ইতোমধ্যেই এই সম্ভাবনাকে কাজে লাগিয়ে লাগসই ও দীর্ঘস্থায়ী উন্নয়ন প্রক্রিয়ায় নিজেদেরকে নিয়োজিত করার কাজ শুরু করেছেন এবং এই উন্নয়ন কর্মকান্ড এগিয়ে নেওয়ার জন্য সকলের একান্তিক সহযোগিতার আহবান করছেন।

**নতুন পরিচালনা কমিটিঃ**
সময়ের পরিক্রমায় স্কুল পরিচালনা ও উন্নয়নের নিমিত্ত একটি নতুন পরিচালনা কমিটি গঠিত হয়েছে, যে কমিটি অনাকাঙ্খিত রাজনৈতিক ও সামাজিক প্রভাবের উর্দ্ধে থেকে স্কুলের শিক্ষার্থীদের সুন্দর ভবিষ্যত বিনির্মাণে নিঃস্বার্থভাবে কাজ করে যাবার ব্যপারে অঙ্গীকারাবদ্ধ। এই স্কুলের প্রাক্তন ছাত্র ও স্বনামধন্য বিজ্ঞানী দিদার ইসলামের নেতৃত্বে নবগঠিত পরিচালনা কমিটি ইতোমধ্যেই শুধু কাজই শুরু করে নাই, শিক্ষার্থীদের স্বপ্ন বিনির্মাণে আত্মনিয়োগ করেছে। পরিচালনা কমিটি কোন কর্তৃত্ববাদীর ভূমিকায় অবতীর্ণ না হয়ে সেবকের ভূমিকা পালন করছে এবং সম্পূর্ন স্বচ্ছতার মাধ্যমে স্কুলের সকল অংশীজনের অংশগ্রহনে শিক্ষার সুষ্ঠ পরিবেশ সৃষ্টি ও মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতের জন্য নিরলস ভাবে কার্যক্রম পরিচালনা করছে।

**অংশীজনের মতবিনিময় :**
দায়িত্ব গ্রহণের সঙ্গে সঙ্গে নতুন সভাপতি বিজ্ঞানী দিদার ইসলাম স্কুলের সকল অংশীজন যেমন – শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারী, অভিভাবকসহ সকলের সঙ্গে মতবিনিময় করেছেন। উক্ত মতবিনিময়ে তিনি সকল অংশীজনের মতামত, সমস্যা, চাওয়া-পাওয়া, পরামর্শ ধর্য্যসহকারে শুনেছেন এবং কমিটির করণীয় সম্পর্কে সুনিদিষ্ট ধারণা দিয়েছেন। মতবিনিময়ে স্বতঃস্ফুর্ত এবং কানাই কানাই পূর্ণ উপস্থিতি থেকে পরিস্কার ধারণা পাওয়া যায় যে, এই মূহুর্তে ৩টি প্রধান ক্ষেত্রে উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেওয়া জরুরী, যা হচ্ছেঃ অবকাঠামোগত উন্নয়ন, সম্পূরক শিক্ষা এবং শিক্ষার্থীদের কল্যানে দক্ষ ব্যাবস্থাপনা নিশ্চিত করা।

**এই মূহুর্তে স্কুলে নিম্নোক্ত অবকাঠামোগত উন্নয়ন কাজ হাতে নেয়া হয়েছেঃ**

১.১: ১০০% সোলার বিদ্যুৎ যাতে করে নিরবিচ্ছিন্ন ক্লাস পরিচালনা অব্যাহত রাখা যায় (আনুমানিক বাজেট ১০ লক্ষ টাকা) ;

১.২: তিনটি Digital Classroom স্থাপন (আনুমানিক বাজেট ৪.৫ লক্ষ টাকা) ;

১.৩: স্কুলের মাঠের উত্তর ও দক্ষিন পাশের ভবনের মধ্যে সংযোগ (আনুমানিক বাজেট ১.৫ লক্ষ টাকা) ;

১.৪: সিসি ক্যামেরার উন্নয়ন ও সম্প্রসারণ (আনুমানিক বাজেট ১ লক্ষ টাকা) ;

১.৫: স্কুলের প্রবেশ ও নিরাপত্তা গেইট নির্মাণ (আনুমানিক বাজেট ২ লক্ষ টাকা) ;

১.৬: স্কুলের ওয়েবসাইট তৈরী করা (আনুমানিক বাজেট ১ লক্ষ টাকা) ;

১.৭: শিক্ষক ও শিক্ষার্থীদের Attendance System স্থাপন (আনুমানিক বাজেট ১ লক্ষ টাকা) ;

১.৮: কম সামর্থবান অভিভাবকদের শিক্ষার্থীদের শিক্ষা সংশ্লিষ্ট আবশ্যক সরঞ্জামাদি যেমনঃ ড্রেস, জুতা প্রভৃতি নিশ্চিতকরণ;

১.৯: বাউন্ডারী ওয়াল নির্মান (আনুমানিক বাজেট ১০ লক্ষ টাকা) ;

১.১০: বিজ্ঞান পরীক্ষাগার উন্নয়ন (আনুমানিক বাজেট ২ লক্ষ টাকা) ;

**উল্লিখিত অবকাঠামোগত উন্নয়ন কাজ ছাড়াও সম্পূরক শিক্ষা:**

২.১: স্কুলে শিক্ষকদের অংশগ্রহন ও 10 Minute School এর সহায়তায় Digital Classroom পরিচালনা;
২.২: স্কুলের লাইব্রেরীর মাধ্যমে গাইড বইসহ অন্যান্য বই সরবরাহ;
২.৩: অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করা;
২.৪: দলগত কাজ ও স্বেচ্ছাসেবক কার্যক্রম।

ছাত্র-ছাত্রীদের অভীষ্ট লক্ষ্যে পৌঁছানোর নিমিত্ত স্কুল কর্তৃপক্ষ শিক্ষার প্রতি আমাদের আবেগ ও ভালোবাসা ভাগ করে নেয়া ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায় থেকে উৎসাহ, সমর্থন ও সহযোগিতা কামনা করছে। উপরে উল্লেখিত কার্যক্রম এর মাধ্যমে নিম্নে বর্ণিত সুবিধা সমূহ নিশ্চিত করা যাবে:

১. স্কুলের প্রতি ক্লাসরুমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ;
২. একটি নিরাপদ স্কুল ক্যাম্পাস প্রতিষ্ঠা;
৩. প্রয়োজন অনুযায়ী (Need Based) সম্পূরক শিক্ষার ব্যবস্থা;

আপনার সহযোগিতা শুধু ইটের উপর ইট বিছিয়ে কংক্রীটের কাঠামো তৈরী নয় বরং এটা আমাদের সন্তানদের স্বপ্ন-বিনির্মাণ এবং উজ্জ্বল ভবিষ্যৎ তৈরীতে অংশগ্রহণ নিশ্চিত করবে। আমরা এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টা ও পরিবর্তনে আপনাকে একজন অংশীজন (Partner) হিসাবে পেয়ে নিজেদেরকে কৃতার্থ ও সম্মানিত বোধ করব।

**আপনি / আপনারা নীচের যে কোন দাতা Category- তে অংশগ্রহণ করতে পারেনঃ**

| ক্রম/নং | দাতা / Category | ন্যূনতম অনুদান/ (টাকা) | মেয়াদ (বছর) | ভোটার হওয়ার যোগ্যতা | স্বীকৃতি (প্রকাশনা) |
|---|---|---|---|---|---|
| ১ | সিলভার | ৫০,০০০/- এর নীচে | ১ | না | Year book/ Website |
| ২ | গোল্ড | ৫০,০০০/- | ২ | হ্যাঁ | Wall paper/ Website |
| ৩ | প্ল্যাটিনাম | ৩,০০,০০০/- | আজীবন | হ্যাঁ | Honor board/ Website |

আপনার ইচ্ছা ও সাধ্যমত যে কোন Category আপনার অনুদান / অবদান প্রদানের মাধ্যমে এই মহত প্রচেষ্টায় অংশগ্রহন করতে পারেন। এই ব্যাপারে বিস্তারিত জানতে যোগাযোগ করুন:

মোবাইল নাম্বার:
ইমেইল:
ঠিকানা: প্রধান শিক্ষকের অফিস রুম, হাজীপুর মাধ্যমিক বিদ্যালয়।

আমরা আরো খুশী হবো যদি আপনি আপনার মূল্যবান সময়ের কিছু মূহুর্ত ব্যয় করে আমাদের বিদ্যালয় ও কাজ প্রত্যক্ষ করার উদারতা দেখান, যা আমাদেরকে আরো বেশী উৎসাহী ও সাহসী করে তুলবে। আপনাদেরকে নিশ্চয়তা বিধান করতে পারি যে, আপনাদের অনুদান (Donation/Contribution) শতভাগ স্বচ্ছতার সাথে আপনার পছন্দকৃত খাতসমূহেই বিনিয়োগ করা হবে এবং সেই তথ্য ওয়েব সাইটের মাধ্যমে প্রকাশ করা হবে।

পরিশেষে এই উদ্যোগকে আমাদের শিক্ষার্থীদের জীবন পরিবর্তনের হাতিয়ার হিসাবে বিবেচনা করার জন্য ধন্যবাদ।

আন্তরিক কৃতজ্ঞতাসহ

*[নাম ও স্বাক্ষর]*
সভাপতি
হাজীপুর মাধ্যমিক বিদ্যালয়

*[নাম ও স্বাক্ষর]*
প্রধান শিক্ষক
হাজীপুর মাধ্যমিক বিদ্যালয়

*[নাম ও স্বাক্ষর]*
কমিটি প্রধান
উন্নয়ন সাব কমিটি